ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫২৬

আগরতলা, ৪ মে, ২০২৫

## আগরতলা শহরের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শনে মুখ্যমন্ত্রী



মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ আগরতলা পুর নিগমের অন্তর্গত ১৬, ২০ এবং ৩২ নং ওয়ার্ডের বিভিন্ন কভার ড্রেইন নির্মাণ কাজ, জল নিষ্কাশনী ব্যবস্থা, রাস্তা নির্মাণ কাজ সরেজমিনে পরিদর্শন করেন এবং কাজের অগ্রগতি সম্পর্কে অবহিত হন। এছাড়াও তিনি আগরতলা টাউন হল, শান্তিপাড়াস্থিত ক্ষেত্রমোহন স্কুলের নির্মাণ কাজ, হাওড়া রিভার ফ্রন্ট প্রোজেক্টের কাজ এবং সিংহপাড়া, আরএমএস চৌমুহনী সহ রামনগরের বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। পরিদর্শনকালে মুখ্যমন্ত্রী স্থানীয় জনগণের সাথে মতবিনিময়ও করেন।

পরিদর্শনকালে সাংবাদিকদের সাথে কথা বলার সময় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, সরকারের দৃষ্টিভঙ্গি শুধুমাত্র নির্বাচনে জয়ী হওয়া নয়। জনগণের কল্যাণই এই সরকারের মূল লক্ষ্য। তিনি বলেন, আজকের এই পরিদর্শনের মূল উদ্দেশ্যই হচ্ছে শহরের বিভিন্ন উন্নয়নমূলক কাজগুলির বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবগত হওয়া। কাজের গুণমান বজায় রেখে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে নিজেদের মধ্যে সমন্বয় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করার জন্য আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে বলে জানান মুখ্যমন্ত্রী।

পরিদর্শনকালে মুখ্যমন্ত্রীর সাথে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, কর্পোরেটর রত্না দত্ত, সমাজসেবী শ্যামল কুমার দেব, পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে, নগরোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং, আগরতলা স্মার্ট সিটি লিমিটেডের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক শৈলেশ কুমার যাদব, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা. বিশাল কুমার সহ পূর্ত দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকগণ।

*******